

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৫৯

১/ বিবিধ

আরবী

أیما شاب تزوج في حداثه سنه، عج شیطانه: یا ویله عصم مني دينه
موضوع

رواه أبو يعلى في " مسنده " (ق 115 / 1) ومن طريقه ابن حبان في " الضعفاء " (1 / 275) والطبراني في " الأوسط " (1 / 162 / 2 من الجمع بين زوائده وزوائد " الصغير " وابن زیدان في " مسنده " (1 / 20) والخطيب (8 / 33) وابن عساکر (8 / 506 / 1) عن خالد بن إسماعيل المخزومي: حدثنا عبيد الله بن عمر عن صالح بن أبي صالح مولى التوأمة عن جابر مرفوعا به قلت: وهذا موضوع، وله آفتان: الأولى: صالح هذا، فإنه ضعيف، ولكن الحمل فيه على غيره. الثانية: خالد هذا وكنيته أبو الوليد، قال ابن حبان: " روى عن عبيد الله بن عمر العجائب، لا يجوز الاحتجاج به بحال، ولا الرواية عنه ". وقال الذهبي: " قال ابن عدي: كان يضع الحديث، وقال الدارقطني: متروك ولهذا وصفه الذهبي في " الكنى " من " ميزانه " بأنه " الكذاب ". وقال الحافظ محمد بن عبد الهادي تلميذ ابن تيمية في بعض أبحاثه في التفسير والحديث (1) " هذا حديث موضوع، وخالد بن إسماعيل المخزومي متروك " وقال الهيثمي في " المجمع " (4 / 253): " رواه أبو يعلى والطبراني في " الأوسط " وفيه خالد بن إسماعيل المخزومي وهو متروك ". قلت: وقد تابعه عصمة بن محمد بن عبيد الله بن عمر به. أخرجه ابن عساکر (18 / 76 / 1)، ولكنها متابعة لا تسمن ولا تغني من جوع

، فَإِن عصمة هذا حاله كحال المخزومي، فقال الدارقطني وغيره: "متروك". وقال يحيى: "كذاب يضع الحديث"

বাংলা

৬৫৯। যে কোন যুবক অল্প বয়সে বিয়ে করলে তার শয়তান চিল্লিয়ে বলেঃ হয় অপমান। সে তার দ্বীনকে আমার থেকে বাচিয়ে নিল।

হাদীছটি জাল।

এটি আবু ইয়াল্লা তার "মুসনাদ" (কাফ ১/১১৫) গ্রন্থে, তার সূত্রে ইবনু হিব্বান "আয-যোয়াফা" (১/২৭৫) গ্রন্থে, তাবারানী "আল-মুজামুল আওসাত" (১/১৬২/২) গ্রন্থে, ইবনু যায়দান তার "মুসনাদ" (১/২০) গ্রন্থে, আল-খাতীব "আত-তারীখ" (৮/৩৩) গ্রন্থে এবং ইবনু আসাকির (৮/৫০৬/১) খালেদ ইবনু ইসমাঈল আল-মাখযুমী হতে তিনি ওবায়দুল্লাহ ইবনু উমার হতে তিনি সালেহ ইবনু আবী সালেহ হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটি বানোয়াট। তার দুটি সমস্যাঃ

১। এই সালেহ দুর্বল।

২। এই খালেদের কুনিয়াত হচ্ছে আবুল ওয়ালীদ, তার সম্পর্কে ইবনু হিব্বান বলেনঃ তিনি ওবায়দুল্লাহ ইবনু উমার হতে আশ্চর্যজনক কিছু বর্ণনা করেছেন। কোন অবস্থাতেই তার দ্বারা দলীল গ্রহণ করা ও তার থেকে বর্ণনা করা জায়েয নয়। হাফিয যাহাবী বলেনঃ ইবনু আদী বলেছেনঃ তিনি হাদীছ জাল করতেন। দারাকুতনী বলেনঃ তিনি মাতরুক। এ কারণেই যাহাবী "আল-কুনা" গ্রন্থে বলেছেনঃ তিনি মিথ্যুক।

ইবনু তাইমিয়্যার ছাত্র হাফিয মুহাম্মাদ ইবনু আদিল হাদী বলেনঃ এ হাদীছটি বানোয়াট। খালেদ ইবনু ইসমাঈল আল-মাখযুমী মাতরুক।

ইসমা ইবনু মুহাম্মাদ খালেদের মুতাবায়াত করেছেন। কিন্তু তার অবস্থাও খালেদের মতই। তার সম্পর্কে দারাকুতনী ও অন্য বিদ্বানগণ বলেনঃ তিনি মাতরুক। ইয়াহইয়া বলেনঃ তিনি মিথ্যুক, হাদীছ জালকারী।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71538>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন